



Bangla QR – Frequently Asked Questions (FAQ)

১. প্রশ্ন: Bangla QR কী?

উত্তর: Bangla QR হলো বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে চালু করা একটি জাতীয়, সার্বজনীন QR কোডভিত্তিক পেমেন্ট ব্যবস্থা। এর মাধ্যমে গ্রাহক বিভিন্ন ব্যাংক বা মোবাইল ব্যাংকিং অ্যাপ ব্যবহার করে Bangla QR স্ক্যান করে ব্যবসায়ী/সেবাপ্রদানকারী (মার্চেন্ট)-কে তাৎক্ষণিকভাবে পণ্য বা সেবার মূল্য পরিশোধ করতে পারেন।

২. প্রশ্ন: মার্চেন্টের প্রদর্শিত QR কোডটি Bangla QR কি না কীভাবে বুঝব?

উত্তর: মার্চেন্ট পয়েন্টে প্রদর্শিত QR কোডের সঙ্গে “Bangla QR” লেখা বা এই সেটি Bangla QR বুঝব।



লোগোটি থাকলে

৩. প্রশ্ন: Bangla QR এবং সাধারণ QR (Proprietary QR)-এর মধ্যে পার্থক্য কী?

উত্তর: Bangla QR একটি সার্বজনীন QR কোডভিত্তিক পেমেন্ট ব্যবস্থা, এর মাধ্যমে একটি ব্যাংক বা MFS-এর গ্রাহক অন্য ব্যাংক বা MFS-এর Bangla QR Merchant-কে পেমেন্ট করতে পারেন। অন্যদিকে, Proprietary QR যেই ব্যাংক বা MFS-এর, শুধুমাত্র ওই ব্যাংক বা MFS-এর গ্রাহকরাই পেমেন্ট করতে পারেন।

৪. প্রশ্ন: Bangla QR-এ কীভাবে পেমেন্ট করা যায়?

- আপনার মোবাইলে থাকা ব্যাংক বা মোবাইল ব্যাংকিং অ্যাপে লগইন করুন।
- App-এর একদম নিচের লাইনে থাকা “Scan QR” অথবা ভাসমান QR লোগো অপশন থেকে মার্চেন্টের প্রদর্শিত Bangla QR স্ক্যান করুন।
- এরপর প্রদেয় টাকার পরিমাণ লিখে তথ্য যাচাই করে PIN দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন।

৫. প্রশ্ন: IBBPLC-এর কোন অ্যাপ দিয়ে Bangla QR পেমেন্ট করা যাবে?

উত্তর: IBBPLC-এর গ্রাহকরা CellFin ও mCash অ্যাপের “Scan QR” অপশন থেকে মার্চেন্টের প্রদর্শিত Bangla QR স্ক্যান করে সহজেই পেমেন্ট করতে পারবেন।

৬. প্রশ্ন: অন্য ব্যাংক বা মোবাইল ব্যাংকিং অ্যাপ থেকে কি ইসলামী ব্যাংকের Bangla QR-এ পেমেন্ট করা যাবে?

উত্তর: হ্যাঁ। সংশ্লিষ্ট ব্যাংক বা MFS অ্যাপের একদম নিচের লাইনে থাকা “Scan QR” অথবা ভাসমান QR লোগো অপশন থেকে মার্চেন্টের প্রদর্শিত ইসলামী ব্যাংকের Bangla QR স্ক্যান করে পেমেন্ট করা যাবে।



৭. প্রশ্ন: Bangla QR-এ কোন কোন উৎস থেকে পেমেন্ট করা যাবে?

উত্তর: আপনার App-এর সঙ্গে সংযুক্ত- ব্যাংক অ্যাকাউন্ট, মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট, Card বা Wallet-এর ব্যালেন্স থেকে পেমেন্ট করা যাবে।

৮. প্রশ্ন: Bangla QR পেমেন্ট করার আগে কী কী যাচাই করব?

উত্তর: পেমেন্ট করার আগে অবশ্যই—Merchant-এর নাম, প্রদেয় টাকার পরিমাণ, QR কোডটি সঠিক Merchant-এর কিনা নিশ্চিত করুন এবং পেমেন্ট সম্পন্ন হওয়ার পর transaction status/receipt সংরক্ষণ করুন।

৯. প্রশ্ন: ভুল Merchant-কে পেমেন্ট হয়ে গেলে কী করব?

উত্তর: তাৎক্ষণিকভাবে আপনার নিজস্ব ব্যাংক/MFS-এর Customer Care বা সংশ্লিষ্ট Merchant-এর সঙ্গে যোগাযোগ করুন। Transaction ID/Reference Number সংরক্ষণ করে রাখুন।

১০. প্রশ্ন: পেমেন্ট সফল হয়েছে কিনা কীভাবে বুঝব?

উত্তর: পেমেন্ট সফল হলে App-এ “Transaction Successful” Status দেখাবে এবং মার্চেন্ট Confirmation SMS পাবেন। কোনো কারণে SMS না পেলেও Transaction History থেকে লেনদেনের তথ্য যাচাই করা যাবে।

১১. প্রশ্ন: পেমেন্ট করার সময় টাকা কেটে গেছে কিন্তু Merchant টাকা পায়নি—কী করব?

উত্তর: প্রথমে transaction status যাচাই করুন। টাকা কেটে গেছে কিন্তু Merchant-এর হিসাবে জমা না হলে transaction ID/reference number সংগ্রহ করে আপনার ব্যাংক/MFS-এর Customer Care-এ যোগাযোগ করুন। অথবা আপনার App থেকে Complain জেনারেট করুন।

১২. প্রশ্ন: Bangla QR-এ পেমেন্টের জন্য কি অতিরিক্ত চার্জ দিতে হয়?

উত্তর: না। গ্রাহকের কাছ থেকে কোনো অতিরিক্ত চার্জ নেওয়া হয় না। প্রযোজ্য চার্জ (যদি থাকে) সংশ্লিষ্ট ব্যাংক বা MFS কম্পানি মার্চেন্টের ওপর আরোপ করে থাকে।

১৩. প্রশ্ন: Bangla QR পেমেন্টের কোনো Transaction Limit আছে কি?

উত্তর: Bangla QR-এর কোনো নিজস্ব Transaction Limit নেই। বরং সংশ্লিষ্ট ব্যাংক/MFS তার অ্যাপে যে লিমিট আরোপ করে সেটিই গ্রাহকের Transaction Limit হিসাবে বিবেচিত হয়।

১৪. প্রশ্ন: Bangla QR ব্যবহার করতে কি ইন্টারনেট প্রয়োজন?

উত্তর: সাধারণভাবে QR Payment করার জন্য Internet/Data Connection প্রয়োজন। তবে CellFin যদি Grameenphone নম্বরে রেজিস্টার্ড থাকে, তাহলে ইন্টারনেট ছাড়াই CellFin ব্যবহার করে QR Payment করা যায়।



১৫. প্রশ্ন: কারা Bangla QR Merchant হতে পারবেন?

উত্তর: দোকানি, ব্যবসায়ী, পেশাজীবী, সেবাপ্রদানকারীসহ অন্যান্য বৈধ ব্যবসায়িক কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান Bangla QR Merchant হতে পারবেন।

১৬. প্রশ্ন: Bangla QR Merchant হতে হলে কী করতে হবে?

উত্তর: Bangla QR Merchant হতে হলে ইসলামী ব্যাংকের নিকটস্থ শাখা/উপশাখা/এজেন্ট ব্যাংকিং আউটলেট /mCash এজেন্ট/ mCash ডিষ্ট্রিবিউটর অথবা আপনার পরিচিত ইসলামী ব্যাংক অফিসারের সাথে যোগাযোগ করুন।

১৭. প্রশ্ন: কারা Bangla QR Merchant হতে পারবেন না?

উত্তর: মোবাইল ব্যাংকিং ক্যাশ-আউট পয়েন্ট, ভুয়া পরিচয় সম্পন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠান, সন্দেহজনক বা অস্পষ্ট ব্যবসা, বাংলাদেশ ব্যাংক বা প্রচলিত আইন অনুযায়ী নিষিদ্ধ বা অবৈধ ব্যবসা এবং ইসলামী শরিয়াহ-পরিপন্থী সেবা, প্রতিষ্ঠান বা ব্যবসার ক্ষেত্রে Bangla QR প্রদান করা যাবে না।

📞 আরো বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ শাখায় যোগাযোগ করুন, কন্টাক্ট সেন্টার ১৬২৫৯-এ কল করুন অথবা

🌐 আমাদের ওয়েবসাইট ভিজিট করুন।

----- সমাপ্ত -----